

### বণ্ডেড ওয়্যার

হাউস লাইসেন্স এর আওতায়  
আমদানিকৃত পণ্যের উপর কখন শুল্ক  
কর আদায় ও দাবীনামা জারীযোগ্য হয় ?  
শুল্ক আইনের কোন ধারায় উক্ত টাকা

আদায়ের জন্যক্ষমতা

প্রাপ্ত ?

- (ক) বণ্ডেড ওয়্যার হাউসজাত পণ্য শুল্ক আইনের  
ধারা ১০৪ অনুযায়ী স্বদেশে ভোগের জন্য  
খালাসকালে শুল্ক কর আদায়যোগ্য হয়।  
তাছাড়া বিশেষ উদ্দেশ্যে কমিশনার কর্তৃক  
শুল্ক কর পরিশোধের শর্তে স্পেশাল  
বণ্ডেড ওয়্যার হাউস থেকে পণ্য খালাস  
করলে আমদানি শুল্ক পরিশোধ হয়।  
ধারা ১০৫ এর শর্তানুযায়ী বোর্ড কর্তৃক রপ্তানিকালে  
কোন পণ্যের উপর শুল্ক আরোপ করা হয় সে পণ্য রপ্তানির  
উদ্দেশ্যে খালাসকালে শুল্ক করা আদায়যোগ্য হবে।
- (খ) নিম্নবর্ণিত পণ্য সমূহের ক্ষেত্রে দাবীনামা জারীযোগ্য হয়:-

- (১) ধারা ৯৭ লংঘন তথা স্বদেশে ভোগের অথবা রপ্তানি অথবা অন্য কোন পণ্যাগারে অপসারণ অথবা  
শুল্ক আইনের ব্যবহৃত বিধান ব্যতীত খালাস করা পণ্য;

অপর পৃষ্ঠায় দেখুন

### পূর্ববর্তী পৃষ্ঠার পর

- (২) ধারা ৯৮ অনুযায়ী অপসারণের জন্য অনুমোদিত সময়ের মধ্যে ওয়্যার হাউস হতে Ex-Bond  
না করা পণ্য অর্থাৎ বঙ্গ সময় সীমার মধ্যে ওয়্যার হাউস হতে ডী-ইড়েফ অথবা রপ্তানিকৃত  
পণ্য উৎপাদনে ব্যবহার ও রপ্তানি হয়নি এমন পণ্য;  
(৩) সে সকল পণ্যের ক্ষেত্রে ধারা ৮৬ অনুযায়ী বড সম্পাদিত হয়েছে এবং যা স্বদেশে ভোগের,  
রপ্তানির জন্য বা এই আইনের বিধান অনুযায়ী খালাস হয়নি বা ধারা ৯৫, ৯৮ ও ১১৫ এর  
বিধান ব্যতীত অন্য কোনভাবে ক্ষতিগ্রস্ত বা ধ্বংস প্রাপ্ত হইয়াছে যার হিসাব দেয়া সম্ভব হয়নি সে  
সকল পণ্য;  
(৪) ধারা ৯৮ অনুযায়ী গৃহীত নমুনা হিসাবে গৃহীত পণ্য।

এ সকল পণ্যের উপর দি কাস্টমস এ্যাস্ট, ১৯৬৯ এর ধারা ১১১ এর প্রদত্ত ক্ষমতানুযায়ী যথোপযুক্ত  
কর্মকর্তা দাবীনামা জারী করতে পারবেন এবং পণ্য সমূহের মালিক উক্ত পণ্যের উপর আরোপনীয়  
সমূদয় শুল্ক করানি, অর্থদণ্ড ও সুদ ইত্যাদি অবিলম্বে পরিশোধ করিবেন।